কালের কণ্ঠ ১১.০১.১৭

### একনেকে ৯ প্রকল্প অনুমোদন

# ৬৪ উপজেলায় নির্মাণ হবে ১২৮টি সেতু

**নিজস্ব প্রতিবেদক ▷**

দেশের ৩২টি জেলার ৬৪ উপজেলায় ১২৮টি সেতু নির্মাণের সিদ্ধান্ত নিয়েছে সরকার। সেতুগুলোর মোট দৈর্ঘ্য হবে প্রায় ২৭ হাজার মিটার। রাজধানীর শেরেবাংলানগরে এনইসি সম্মেলন কক্ষে গতকাল মঙ্গলবার জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) বৈঠকে এসংক্রান্ত একটি প্রকল্প অনুমোদন দেওয়া হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় আরো আট প্রকল্প অনুমোদন করা হয়েছে। এসব প্রকল্প বাস্তবায়নে ব্যয় হবে আট হাজার ৮৭৪ কোটি টাকা।

পরিকল্পনা কমিশন সূত্র বলছে, 'পল্লী সড়কে গুরুত্বপূর্ণ সেতু নির্মাণ' শীর্ষক প্রকল্পের আওতায় সেতুগুলো নির্মাণ করা হবে। প্রকল্পটি বাস্তবায়নে মোট খরচ হবে তিন হাজার ৯২৭ কোটি টাকা। এর পুরোটাই আসবে রাষ্ট্রীয় কোষাগার থেকে। ২০২১ সালের ডিসেম্বর নাগাদ সব সেতু নির্মাণের প্রতিশ্রুতি রয়েছে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের। আপাতত ৩২ জেলায় হলেও পরবর্তী সময়ে দেশের সব জেলায় চাহিদার আলোকে সেতু নির্মাণের পরিকল্পনা রয়েছে সরকারের।

বৈঠক শেষে পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল সাংবাদিকদের বলেন, গ্রামীণ অবকাঠামো উন্নয়নের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি করে অর্থনীতিতে গতি সঞ্চার করা জরুরি। সে জন্য সরকার পল্লী অঞ্চলে গুরুত্বপূর্ণ ১২৮টি সেতু নির্মাণের পরিকল্পনা নিয়েছে। একই সঙ্গে আরো আটটি প্রকল্প অনুমোদন দেওয়া হয়েছে। এসব প্রকল্প বাস্তবায়নে মোট খরচ হবে আট হাজার ৮৭৪ কোটি টাকা। এর মধ্যে রাষ্ট্রীয় কোষাগার থেকে পাওয়া যাবে সাত হাজার ৩২৯ কোটি টাকা। বাকিটা আসবে উন্নয়ন সহযোগীদের কাছ থেকে ঋণ হিসেবে।

সংবাদ সম্মেলনে পরিকল্পনাসচিব জিয়াউল ইসলাম, পরিকল্পনা কমিশনের সদস্য ড. শামসুল আলমসহ অন্যরা উপস্থিত ছিলেন।

গতকালের একনেক সভায় তিন পার্বত্য জেলায় বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়নে আলাদা একটি প্রকল্প অনুমোদন দেওয়া হয়েছে। প্রকল্পটি বাস্তবায়নে খরচ হবে ৫৬৬ কোটি টাকা। বিদ্যুতের নতুন লাইন নির্মাণ ও পুরনো লাইন সংস্কারের মাধ্যমে ৫৬ হাজার নতুন গ্রাহক বিদ্যুতের সংযোগ পাবে। 'তিনটি পার্বত্য জেলায় বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন' শিরোনামের প্রকল্পের আওতায় ১২টি নতুন ৩৩/১১ কেভি সাবস্টেশন নির্মাণ; চারটি বিদ্যমান ৩৩/১১ কেভি পুরনো সাবস্টেশন সংস্কার ও ক্ষমতা বর্ধন; এক হাজার ৩১০ কিলোমিটার নতুন বিতরণ লাইন নির্মাণ এবং ৩৪৬ কিলোমিটার পুরনো বিতরণ লাইন সংস্কার করা হবে।

একনেক সভায় অনুমোদিত অন্য প্রকল্পগুলোর মধ্যে উল্লেখযোগ্য হলো এক হাজার ৮৯১ কোটি টাকা ব্যয়ে চট্টগ্রাম পানি সরবরাহ উন্নয়ন ও স্যানিটেশন, ৪৫৫ কোটি টাকা ব্যয়ে গুরুত্বপূর্ণ গ্রামীণ অবকাঠামো উন্নয়ন, ৭০৬ কোটি টাকা ব্যয়ে বাগেরহাট জেলায় ৮৩টি নদী ও খাল পুনঃখনন এবং মোংলা-ঘষিয়াখালী চ্যানেলের নাব্যতা বাড়ানো, ৩৩৯ কোটি টাকা ব্যয়ে খামার যান্ত্রিকীকরণের মাধ্যমে ফসল উৎপাদন বাড়ানো (দ্বিতীয় পর্যায়), ১৬১ কোটি টাকা ব্যয়ে বিনার গবেষণা কার্যক্রম শক্তিশালীকরণ ও উপকেন্দ্র উন্নয়ন, ৭৩৪ কোটি টাকা ব্যয়ে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের আওতাধীন নব সংযুক্ত শ্যামপুর, দনিয়া, মাতুয়াইল ও সারুলিয়া এলাকার সড়ক অবকাঠামো এবং ড্রেনেজ ব্যবস্থার উন্নয়ন।